



ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর
গাজীপুর-১৭০৭।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- ঢাপ্রপ্রবি/শিশা/আঃগ্রাঃপ্রোঃ/ভর্তি/৮৩(পার্ট-৪)/২০১২/১০৭৪

তারিখঃ ২৯/০৪/২০২১ খ্রি:

ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ বিভিন্ন অনুষদের অধিভুক্ত বিভাগ সমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং ও ব্যাচেলর অব আর্কিটেকচার (বিআর্ক) প্রোগ্রামে ভর্তির জন্য ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী বাছাই করা হইবে। এই নিমিত্তে উপযুক্ত প্রার্থীকে বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক পরিচালিত “নগদ” অথবা DBBL কর্তৃক পরিচালিত “রকেট” এর মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৯৮০/- (নয়শত আশি) টাকা প্রদান করিতে হইবে। ভর্তি বিষয়ক তথ্যাবলী <http://admission.duetbd.org> এ পাওয়া যাইবে।

প্রার্থীর সাধারণ যোগ্যতাঃ

- প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।
- প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর অথবা ৫.০০ এর স্কেলে কমপক্ষে GPA ৩.০০ (ঐচ্ছিক বিষয়সহ) পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।
- প্রার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/এগ্রিকালচার এ গড়ে কমপক্ষে ৬০% নম্বর অথবা ৪.০০ এর স্কেলে কমপক্ষে CGPA ৩.০০ পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।
- ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/এগ্রিকালচার পরীক্ষায় ২০১৯ ও তৎপরবর্তী সনে উত্তীর্ণ শিক্ষার্থীরাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে। তবে সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত, সেক্টর কর্পোরেশন-এ শিক্ষকতাসহ অন্যান্য পদে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হইবে না।
- ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ প্রসপেক্টাস এর ৪ (ক) ছক অনুযায়ী উল্লেখিত বিভাগ সমূহে ভর্তির জন্য আবেদন করা যাইবে।
- একজন প্রার্থী সর্বোচ্চ ২টি বিভাগে আবেদন করিতে পারিবে। একাধিক বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীকে পৃথক পৃথকভাবে আবেদন করিতে হইবে। তবে আবেদনকারী প্রসপেক্টাস এর ৬-এ উল্লেখিত সময়সূচি অনুযায়ী একই সময়ে অনুষ্ঠিত বিভাগসমূহের যে কোন ১ টিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাইবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- বিদেশী শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রার্থীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করিতে হইবে। উল্লেখ্য, অনলাইনে ভর্তির প্রক্রিয়া বিদেশী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নহে। তবে বিদেশী শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত তথ্য <http://www.duet.ac.bd> হতে সংগ্রহ করা যাইবে।

অনলাইন নির্দেশনা এবং বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক পরিচালিত “নগদ” অথবা DBBL কর্তৃক পরিচালিত “রকেট” এ ভর্তি ফি প্রদানের মাধ্যমে প্রার্থীগণ ০২/০৫/২০২১ খ্রি: রবিবার সকাল ১০:০০ ঘটিকা হইতে ২০/০৬/২০২১ খ্রি: রবিবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত আবেদন করিতে পারিবে।

স্বাক্ষরিত
সভাপতি

ভর্তি কমিটি ২০২০-২০২১

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

পরবর্তী (আগামী ২০২১-২০২২) শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং/বিআর্ক প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ :

বিভাগসমূহ	আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা
সিভিল ইঞ্জিনিয়ারিং	সিভিল, সার্ভেয়িং, এনভায়রনমেন্টাল (নির্ধারিত ঐচ্ছিক বিষয়সমূহে পাশসহ), সিভিল (উড স্পেশলাইজেশন) ও কনস্ট্রাকশন টেকনোলজিতে ডিপ্লোমা।
ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল, টেলিকমিউনিকেশন ও ইলেকট্রো-মেডিকেল টেকনোলজিতে ডিপ্লোমা।
মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	মেকানিক্যাল, পাওয়ার, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, মেকট্রনিক্স, শিপ বিল্ডিং, মেরিন ও মাইনিং এন্ড মাইন সার্ভে টেকনোলজিতে ডিপ্লোমা।
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি, কম্পিউটার, ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং, গ্রাফিক্স ডিজাইন ও প্রিন্টিং টেকনোলজিতে ডিপ্লোমা।
টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	টেক্সটাইল, জুট ও গার্মেন্টস এন্ড প্যাটার্ন মেকিং টেকনোলজিতে ডিপ্লোমা।
আর্কিটেকচার	আর্কিটেকচার ও আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন টেকনোলজিতে ডিপ্লোমা।
ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং	মেকানিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল, অটোমোবাইল, মেকট্রনিক্স টেকনোলজিতে ডিপ্লোমা।
কেমিক্যাল এন্ড ফুড ইঞ্জিনিয়ারিং	ফুড, কেমিক্যাল, সিরামিক ও গ্লাস টেকনোলজিতে ডিপ্লোমা।
ম্যাটেরিয়ালস্ এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং	পাওয়ার, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, অটোমোবাইল, সিরামিক, গ্লাস, শিপ বিল্ডিং, মেরিন ও মাইনিং এন্ড মাইন সার্ভে টেকনোলজিতে ডিপ্লোমা।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/শিশা/আঃগ্রাঃপ্রোঃ/ভর্তি/৮৩(পার্ট-৪)/২০১২/১০৭৪

তারিখঃ ২৯/০৪/২০২১ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইলঃ
(তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- পিএস টু ভিসি, ভিসি মহোদয়ের অবগতির জন্য;
- সকল সদস্য, ভর্তি কমিটি ২০২০-২০২১;
- সকল পরিচালক;
- পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল);
- চেয়ারম্যান, আইসিটি সেল;
- সকলঅফিস/শাখা প্রধান;
- কম্পট্রোলার (ভারপ্রাপ্ত), কম্পট্রোলার অফিস।
- বিজ্ঞাপন ম্যানেজার, The Daily Observer/দৈনিকইত্তেফাক/দৈনিকজনকণ্ঠ/দৈনিকসমকাল/বাংলাদেশ প্রতিদিন/কালের কণ্ঠ;
- নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ;
- সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

Ah
29.04.2021

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)